



NYC

Department for
the Aging

যুক্ত হন।
সক্রিয় থাকুন।
স্বাস্থ্যবান হন।



 আমাদের সাথে যোগাযোগ করুন
212-AGING-NYC

লক্ষ্য এবং উদ্দেশ্য

নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট ফর দ্য এজিং (DFTA) বয়সবাদ দূর করতে, বিভিন্ন বয়স্ক মানুষদের মর্যাদা এবং জীবনযাত্রার মান নিশ্চিত করতে, এবং পরিষেবা, পক্ষসমর্থন ও শিক্ষার মাধ্যমে তাদের পরিচর্যাকারীদের সহায়তার জন্য কাজ করে।

স্থানীয় সংস্থাগুলির সাথে অংশীদারীত্বে প্রবীণ মানুষদের কেন্দ্র, স্বাভাবিকভাবে অবসরপ্রাপ্ত সম্প্রদায়, কেস ম্যানেজমেন্ট ও বাড়িতে পরিচর্যাকারী এজেন্সি, বাড়িতে খাদ্য পৌঁছে দেওয়ার কার্যক্রম, পরিচর্যাকারীদের সহায়তার কার্যক্রম, মানসিক স্বাস্থ্যের কার্যক্রমগুলির মাধ্যমে পরিবহন সহ প্রতিটি বরোতে আরও অনেক বিষয়ে DFTA পরিষেবা প্রদান করে।

DFTA স্বেচ্ছাসেবার সংস্থানও প্রদান করে, এবং এর রয়েছে একটি সিনিয়র এমপ্লয়মেন্ট সার্ভিসেস ইউনিট, এন্ডার জাস্টিস ইউনিট, গ্র্যান্ডপেরেন্ট রিসোর্স সেন্টার, ফস্টার গ্র্যান্ডপেরেন্ট প্রোগ্রাম, বিল পেয়ার প্রোগ্রাম, ইত্যাদি।

প্রবীণ মানুষদের কেন্দ্র

নিউইয়র্ক শহরে শত শত প্রবীণ মানুষদের কেন্দ্র রয়েছে, এবং 60 অথবা তার বেশি বয়সী যে কোনও ব্যক্তি বিনামূল্যে সদস্যপদ পেতে পারেন। প্রতিটি কেন্দ্র বিভিন্ন ধরনের ক্রিয়াকলাপের ব্যবস্থা করে, সাধারণত যেগুলিতে অন্তর্ভুক্ত থাকে:

- শিল্প, সঙ্গীত, নাচ এবং ফিটনেস ক্লাস, এবং হাঁটার ক্লাব
- আর্থ্রাইটিস, ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ইত্যাদির ব্যবস্থাপনা করার ক্লাস
- পুষ্টি এবং শিক্ষা সংক্রান্ত কর্মশালা
- মেডিকেয়ার, মেডিকেইড, পরিপূরক পুষ্টি সহায়তা কর্মসূচির জন্য স্ক্রীনিং, এবং ভাড়া ফ্রিজ করা
- খাদ্য এবং ছুটি উদযাপন
- প্রযুক্তির ক্লাস



ইন-হোম সহায়তা

যদি আপনার পক্ষে বাড়ি থেকে বাইরে যাওয়া, অথবা দৈনন্দিন কাজগুলি করা কঠিন হয়, তাহলে ফোনের মাধ্যমে সহায়তা চাইতে পারেন। বিষয়টির ব্যবস্থাপনার মাধ্যমে, একজন প্রশিক্ষিত বিশেষজ্ঞ আপনার নিরাপদে বাড়িতে থাকার সহায়তা করতে প্রয়োজনীয় পরিষেবাগুলি নির্ধারণ করবেন। এতে থাকতে পারে:

- বাড়িতে খাবার সরবরাহ করা, এবং/অথবা বাড়িতে পরিচর্যা করা
- ঘরে বসে কাউন্সেলিং এবং সম্প্রদায়ের সংস্থানের সুবিধা পাওয়া
- বন্ধুত্বপূর্ণ পরিদর্শন
- বিল পরিশোধের কাজগুলির ব্যবস্থাপনায় সহায়তা করা

মানসিক স্বাস্থ্য পরিষেবা

মেয়র'স অফিস অফ কমিউনিটি মেন্টাল হেলথের অংশীদারিত্বে DFTA-য়ের জেরিঅ্যাট্রিক মেন্টাল হেলথ প্রোগ্রামের উদ্যোগে প্রবীণ মানুষদের কেন্দ্রে মানসিক স্বাস্থ্যের ক্লিনিশিয়ানদের নিয়োগ করা হয়। প্রবীণ ব্যক্তিদের জীবনে উদ্বেগ অথবা বিষণ্ণতার ঘটনার মতো চ্যালেঞ্জিং পরিস্থিতিতে ক্লিনিশিয়ানরা সহায়তা করেন, তারা ব্যক্তিগত ভাবে পরামর্শ দেন এবং রেফারেল প্রদান করেন।

কেয়ারগিভার সাপোর্ট

কারও পরিচর্যা করা চাপ হতে পারে। আপনি যে একজন পরিচর্যাকারী তার স্বীকৃতি পাওয়া হ'ল সাহায্য পাওয়ার প্রথম পদক্ষেপ। কেয়ারগিভার সাপোর্ট প্রোগ্রামের মাধ্যমে সোশ্যাল ওয়ার্কাররা তথ্য, রেফারেল, অবকাশ-কালীন পরিচর্যা, দীর্ঘমেয়াদী পরিচর্যার বিকল্পগুলির বিষয়ে পরামর্শ, ইত্যাদি দিয়ে থাকেন।

আপনি যদি এমন কোনও ব্যক্তির পরিচর্যায় নিযুক্ত থাকেন, যার বয়স 60 অথবা তার বেশি, এবং যার আল্জেইমের রোগ, অন্যান্য ডিমেনশিয়া, অথবা দীর্ঘস্থায়ী অসুস্থতা আছে, তাহলে আপনি সহায়তা পেতে পারেন। আপনি যদি 55 বছর অথবা তার বেশি বয়সী হন, এবং আত্মীয় কোনও একটি শিশু অথবা প্রাপ্তবয়স্ক প্রতিবন্ধী ব্যক্তির পরিচর্যায় নিযুক্ত থাকেন, তাহলে আপনিও সাহায্য পেতে পারেন।



▶ যোগাযোগ রাখুন

ডিপার্টমেন্ট ফর দ্যা এজিং ভিজিট করুন
nyc.gov/aging ওয়েবসাইটে অথবা সামাজিক যোগাযোগ
মাধ্যমে:



@nycseniors

পরিষেবা সংক্রান্ত আরও তথ্যের জন্য **212-AGING-NYC**
অথবা **311** নম্বরে কল করুন।

বন্ধুত্বপূর্ণ কার্যক্রম

মেয়র'স অফিস অফ কমিউনিটি মেন্টাল হেলথের অংশীদারিত্বে, বন্ধুত্বপূর্ণ পরিদর্শন এবং বন্ধুত্বপূর্ণ VOICES কার্যক্রমগুলির মাধ্যমে প্রবীণ মানুষেরা নতুন বন্ধুত্ব গড়ার এবং নতুন সামাজিক সংযোগ গড়ে তোলার সুযোগ পান, যার ফলে তাদের একাকীত্ব এবং বিচ্ছিন্নতার অনুভূতি হ্রাস পায়। উভয় কার্যক্রমেই প্রবীণ মানুষদের সাথে একজন বাছাই করা এবং প্রশিক্ষিত স্বেচ্ছাসেবক, একজন সমবয়সী ব্যক্তি অথবা গোষ্ঠীর সাথে সাম্প্রতিক ভিত্তিতে যোগাযোগ করিয়ে দেওয়া হয়।



বন্ধুত্বপূর্ণ পরিদর্শনের কার্যক্রমে গৃহবন্দী প্রবীণ মানুষদের সাথে বাড়িতে যেতে পারে এমন স্বেচ্ছাসেবীদের সাথে, অথবা ফোনের মাধ্যমে যোগাযোগ রাখার জন্য সমবয়সী মানুষ অথবা গোষ্ঠীর সাথে যোগাযোগ করিয়ে দেওয়া হয়। বন্ধুত্বপূর্ণ VOICES কার্যক্রমে বাড়িতে থাকা প্রবীণ মানুষদের ফোনে এবং ভিডিও কলের মাধ্যমে সংযোগ তৈরি করার পরিষেবা প্রদান করা হয়।

হেলথ ইনস্যুরেন্স ইনফরমেশন, কাউন্সেলিং অ্যান্ড অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (HIICAP)

মেডিকেয়ার সম্পর্কে আপনার কোন প্রশ্ন আছে কি? HIICAP হ'ল নিউইয়র্ক শহরে মেডিকেয়ার পার্টস A, B, C এবং D সম্পর্কে নির্ভরযোগ্য তথ্য পাওয়ার উৎস। মেডিকেয়ার স্যাপ্লিমেন্টাল ইন্স্যুরেন্স (মেডিগ্যাপ) এবং মেডিকেয়ার অ্যাডভান্টেজ সংক্রান্ত বিষয়গুলিতে, এবং ব্যয় বহন করার জন্য এক্সট্রা হেলপ প্রোগ্রামে আবেদন করার ক্ষেত্রেও প্রশিক্ষিত কাউন্সিলাররা সহায়তা করেন।



নিউ ইয়র্ক শহরে NY কানেক্টস

NY কানেক্টস হ'ল রাজ্যব্যাপী একটি পরিষেবা, যা সব বয়সী মানুষজনকে দীর্ঘমেয়াদী প্রয়োজন পূরণের জন্য উপযুক্ত সহায়তা খুঁজে পেতে সাহায্য করে। কমিউনিটির পার্টনাররা প্রবীণ মানুষদের, দীর্ঘমেয়াদী প্রতিবন্ধী আছে এমন যুবা ব্যক্তিদের, তাদের পরিচর্যাকারীদের, প্রতিবন্ধী শিশুদের পিতা-মাতাদের তথ্য এবং রেফারেল প্রদান করে।



পরিবহন

চিকিৎসা অথবা সামাজিক পরিষেবার অ্যাপয়েন্টমেন্ট রাখার জন্য যে প্রবীণ ব্যক্তিদের গণ-পরিবহণ ব্যবস্থায় যাতায়াতে অসুবিধা আছে, তাদের জন্য কমিউনিটি-ভিত্তিক পরিবহন পরিষেবা পাওয়া যায়।



ন্যাচরেলি অকারিং রিটায়ারমেন্ট কমিউনিটিজ (NORCS)

একটি NORC হ'ল একটি বিভিন্ন বয়সী ব্যক্তিদের আবাসন উন্নয়ন অথবা সন্নিহিত অঞ্চল, যা আদতে প্রবীণ ব্যক্তিদের জন্য নির্মিত হয়নি, কিন্তু এখন সেখানে উল্লেখযোগ্য সংখ্যায় তারা বসবাস করেন। NORC-গুলিতে অনেক সহায়ক পরিষেবা এবং কার্যক্রম থাকে, যেগুলিতে আবাসিকদের স্বাস্থ্য এবং ভাল ভাবে থাকা সংক্রান্ত ক্রিয়াকলাপ, সহায়তা সহ সুবিধা এবং অধিকারের ব্যবস্থা আছে।



সিনিয়র এমপ্লয়মেন্ট সার্ভিসেস

সিনিয়র এমপ্লয়মেন্ট সার্ভিসেস ইউনিট 55 এবং তার অধিক বয়সী কর্মহীন, স্বল্প আয়ের ব্যক্তিদের বর্তমানের ডেটা প্রক্রিয়াকরণ, গ্রাহক পরিষেবা, নিরাপত্তা, বিক্রয়, প্রশাসন, বাড়িতে স্বাস্থ্যের পরিচর্যা, ইত্যাদি কাজের জন্য প্রস্তুত করে।

অংশগ্রহণকারীরা কম্পিউটার, চাকরি-অনুসন্ধান, জীবনবৃত্তান্ত-রচনা এবং ইন্টারভিউয়ের ক্লাসে যোগ দেন। কর্মপ্রার্থীরা অন-দ্যা-জব প্রশিক্ষণ এবং অন্তত ন্যূনতম মজুরি আয় করার সুযোগ পান।



এন্ডার জাস্টিস

দ্য এন্ডার জাস্টিস ইউনিট নিউ ইয়র্কের প্রবীণ অধিবাসীদের অপরাধ ও অপব্যবহার থেকে রক্ষা করার জন্য কাজ করে। যে সমস্ত ভুক্তভোগী ব্যক্তিরা একজন বিশ্বস্ত ব্যক্তির হাতে শারীরিক, মানসিক, অথবা আর্থিক নির্যাতনের শিকার হয়েছেন তাদের পরামর্শ ও সহায়তা দেওয়ার জন্য প্রত্যেকটি বরোতে এন্ডার অ্যাভিউজ কার্যক্রম পাওয়া যায়।

বিল পেয়ার কার্যক্রম প্রবীণ ব্যক্তিদের আর্থিক নির্যাতন ও শোষণ রোধ করার জন্য বিল ও বাজেট বিন্যস্ত করতে সাহায্য করে, এবং নিশ্চিত করে যে বিলগুলি যাতে সময়মত পরিশোধ করা হয়।



গ্র্যান্ডপেরেন্ট রিসোর্স সেন্টার

আপনি যদি একজন প্রবীণ ব্যক্তি হন এবং আপনার দৌহিত্র-দৌহিত্রী অথবা অন্য কোনও যুবা আত্মীয়ের পরিচর্যার প্রাথমিক দায়িত্বে থাকেন, তাহলে গ্র্যান্ডপেরেন্ট রিসোর্স সেন্টার আপনাকে একজন আত্মীয়দের তত্ত্বাবধায়ক হিসাবে আপনার ভূমিকার সামঞ্জস্য করতে আপনার সহায়তা করতে পারে।

গ্র্যান্ডপেরেন্ট রিসোর্স সেন্টারের পরিষেবাগুলির মধ্যে রয়েছে আইনি, বাজেটিং এবং অন্যান্য বিষয়ে কর্মশালা। রেফারেল, সমকক্ষ ব্যক্তিদের দলের অধিবেশন এবং অন্যান্য পরিষেবাও পাওয়া যায়।



ফস্টার গ্র্যান্ডপেরেন্ট প্রোগ্রাম

ফস্টার গ্র্যান্ডপেরেন্ট প্রোগ্রাম স্বল্প আয় সম্পন্ন প্রবীণ ব্যক্তিদের কমিউনিটি পরিবেশে রাখে, যেখানে তারা শিশু এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের তত্ত্বাবধান ও পরিচর্যা করেন। স্বল্প পরিমাণ বৃত্তি প্রদান করা হয়।



লিগাল সাপোর্ট

যে সমস্ত প্রবীণ ব্যক্তিদের অন্যান্য সরকারি অথবা বেসরকারি আইনি সহায়তা পাওয়ার সুযোগ নেই, তাদের জন্য আইনি সহায়তা পাওয়া যায়। সহায়তাকারীরা সরকারি সুবিধা, দীর্ঘমেয়াদী পরিচর্যা, ভোক্তা এবং বাড়িওয়ালা-ভাড়াটিয়া সংক্রান্ত সমস্যাগুলি সংক্রান্ত সহায়তা প্রদান করে।

দ্যা অ্যাসাইনড কাউন্সেল প্রোজেক্ট উচ্ছেদের ঝুঁকি আছে এমন প্রবীণদের সহায়তা করে। আপনি যদি নিজেকে যোগ্য বলে বিবেচনা করেন, তাহলে আপনার মামলার শুনানির সময়ে ভারপ্রাপ্ত বিচারককে জানান, অথবা আদালতের সহায়তা কেন্দ্রে দেখা করুন।



DFTA-এর বাইরের সংস্থান

ACCESS NYC হ'ল আর্থিক কর্মসূচি এবং আবাসন, খাদ্য, ইত্যাদি সম্পর্কিত সুবিধাগুলির জন্য শহরের অনলাইন স্ক্রীনিং টুল:

access.nyc.gov



স্বেচ্ছাসেবার সুযোগ

আপনি যদি কোনও একজন নিউ ইয়র্ক বাসীর জীবনে কোনও পরিবর্তন আনতে চান, অথবা আপনি যদি একজন প্রবীণ ব্যক্তি হন এবং কোনও প্রত্যাশামূলক কাজ করতে চান, তাহলে DFTA-এর স্বেচ্ছাসেবক হন। স্বেচ্ছাসেবকরা বন্ধুত্বপূর্ণ প্রোগ্রাম, ফস্টার গ্র্যান্ডপেরেন্ট প্রোগ্রাম এবং আরও অনেক বিষয়ে সম্প্রদায়ের সহায়তা করে।



আমাদের সাথে যোগাযোগ করুন

অনেক পরিষেবা বিনামূল্যে অথবা স্বল্প মূল্যে পাওয়া যায়, এবং ভাষার সাহায্য পাওয়া যায়। এজিং কানেক্ট হ'ল সংস্থান, পরিষেবা এবং স্বেচ্ছাসেবার সুযোগের জন্য আমাদের যোগাযোগ কেন্দ্র।

একজন এজিং বিশেষজ্ঞের সাথে কথা বলার জন্য **212-AGING-NYC (212-244-6469)** নম্বরে কল করুন।

প্রবীণ ব্যক্তিদের জন্য DFTA পরিষেবা অথবা জরুরি প্রস্তুতির বিষয়ে উপস্থাপনার অনুরোধ করতে, আমাদের www.nyc.gov/aging/presentation ওয়েবসাইটে যান।

যুক্ত হন।
সক্রিয় থাকুন।
স্বাস্থ্যবান হন।



**Department for
the Aging**